



এলপিজির উচ্চমূল্য কমাতে সংসদে জোর দাবি আখতারের



সংসদ সদস্য আখতার হোসেন। ছবি: সংগৃহীত

তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলপিজি)-এর বাড়তি দাম সাধারণ মানুষের নাগালের বাইরে চলে গেছে—এমন অভিযোগ তুলে তা কমানোর আহ্বান জানিয়েছেন রংপুর-৪ আসনের সংসদ সদস্য ও এনসিপির সদস্যসচিব আখতার হোসেন।

মঙ্গলবার (২১ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে ৭১ বিধিতে বক্তব্য দিতে গিয়ে তিনি এ দাবি উত্থাপন করেন।

তিনি বলেন, বৈশ্বিক পরিস্থিতির কারণে জ্বালানি খাতে চাপ থাকলেও দেশে কৃত্রিম সংকট তৈরির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এ বিষয়ে সরকারের অবস্থান স্পষ্ট নয় বলেও মন্তব্য করেন তিনি। হঠাৎ মূল্যবৃদ্ধির ফলে রান্নাবান্না থেকে শুরু করে বিভিন্ন উৎপাদন কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়ছে, যার সবচেয়ে বেশি ভোগান্তি পোহাতে হচ্ছে নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণিকে।

দাম বাড়ার পেছনে আন্তর্জাতিক বাজারের অস্থিরতার পাশাপাশি দেশীয় অসাধু চক্রের মজুতদারি ও প্রশাসনিক দুর্বলতাকেও দায়ী করেন আখতার। তিনি দ্রুত কার্যকর পদক্ষেপ নিয়ে বাজার নিয়ন্ত্রণে আনার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

সরকারের পূর্ব ঘোষণার সঙ্গে বর্তমান বাস্তবতার অসঙ্গতির কথাও তুলে ধরেন তিনি। জনদুর্ভোগ কমাতে এলপিজিসহ সব ধরনের জ্বালানির দাম সহনীয় পর্যায়ে নামিয়ে আনার ওপর জোর দেন এবং আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে অভ্যন্তরীণ বাজার ব্যবস্থাপনায় আরও সক্রিয় ভূমিকা নেওয়ার অনুরোধ জানান।